তারিখ ... 18 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# মানারাতের লাইব্রেরিতে উগ্রবাদী বই

## ইউজিসির হঠাৎ পরিদর্শন

■ সমকাল প্রতিবেদক

মানারত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির গুলশান ক্যাম্পাসের লাইব্রেরিতে ধর্মীয় উগ্রবাদের বই পাওয়া গেছে। এসব বই শিক্ষার্থীদের পড়ালেখার সঙ্গে সঙ্গতিপূর্ণ না হলেও দীর্ঘদিন ধরেই তা লাইব্রেরিতে যত্ন সহকারে রাখা হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) তিন সদস্যের প্রতিনিধি দল হঠাৎই পরিদর্শনে গিয়ে এসব বইয়ের অস্তিত্ব পায়। বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত প্রতিনিধি দল ইউনিভার্সিটিতে অবস্থান করে। ইউজিসির সদস্য প্রফেসর ড. মো. আখতার হোসেনের নেতৃত্বে প্রতিনিধি দলে ছিলেন উপপরিচালক জেসমিন পারভীন ও উপসচিব মো. শাহীন সিরাজ।

কমিশনের সদস্য ড. মো. আখতার হোসেন সমকালকে বলেন, 'রুটিন পরিদর্শনেই আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যাই। তবে যেহেতু মানারাতের তিন শিক্ষার্থী জেএমবির সদস্য হিসেবে ধরা পড়েছে, তাই আমরা এই বিশ্ববিদ্যালয়ের নানা তথ্য জানতে গিয়েছিলাম। আমরা সব শিক্ষকের বিস্তারিত তথ্য চেয়েছি। শিক্ষার্থীদের তথ্যও চাওয়া হয়েছে। লাইব্রেরি পরিদর্শন করেছি। উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছি।'

নাম প্রকাশ না করে প্রতিনিধি দলের এক সদস্য সমকালকে বলেন, 'গুলশান ক্যাম্পাসে বিজনেস ও ইংরেজি বিভাগ। ফলে এখানে বিষয় সংশ্লিষ্ট বই থাকার কথা। কিন্তু দুটি র‌্যাকে ধর্মীয় বিষয়ের বই পাওয়া গেছে। যার

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## মানারাতের

[তৃতীয় পৃষ্ঠার পর]

মধ্যে ধর্মীয় উগ্রবাদের বইও রয়েছে। স্বাভাবিকভাবে বইয়ের শিরোনাম দেখে এটা মনে হয়েছে। লাইব্রেরিতে যেখানে সংশ্লিষ্ট পাঠ্যপুস্তকই অপ্রতুল সেখানে এ বইগুলো সার্বিক প্রেক্ষাপটে গ্রহণযোগ্য নয়। আমাদের মনে হয়েছে, এ বইগুলো থাকলে ছেলেমেয়েরা অন্যদিকে আকৃষ্ট হতে পারে।' জানা যায়, মানারাত ইউনিভার্সিটির গুলশান ক্যাম্পাসে পড়ালেখা করেন ২ হাজার ৫০০ শিক্ষার্থী। আর শিক্ষকের সংখ্যা প্রায় ৭০ জন। তবে ইউজিসির প্রতিনিধি দল এসব শিক্ষকের মধ্যে ৬০ জনই লেকচারার বলে জানতে পেরেছে। ওই ক্যাম্পাসে সিনিয়র শিক্ষক নেই বললেই চলে। ইউনিভার্সিটির সায়েন্স ফ্যাকাল্টির ক্যাম্পাস মিরপুরে। সেখানে ফার্মেসি বিভাগ পড়ানো হয়। ইউজিসি সদস্য ড. মো. আখতার হোসেন বলেন, 'আমরা এক-দু'দিনের মধ্যেই পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যানের কাছে জমা দেব। এরপর মানারাত ইউনিভার্সিটি কর্তৃপক্ষকে আনুষ্ঠানিকভাবে চিঠি দিয়ে বেশ কিছু তথ্য চাওয়া হবে। এ ক্ষেত্রে তাদের সর্বোচ্চ এক সপ্তাহ সময় দেওয়া হতে পারে।'

**মানারাতের তিন শিক্ষার্থী বহিষ্কার** : এদিকে বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থীকে বহিষ্কার করেছে কর্তৃপক্ষ। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী মনিটরিং সেলের সদস্যদের সুপারিশের ভিত্তিতে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবি সংশ্লিষ্টতার অভিযোগে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে সম্প্রতি গ্রেফতার হওয়া বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের তিন ছাত্রী আকলিমা রহমান মনি, খাদিজা পারভীন মেঘলা ও ইশরাত জাহান মৌকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।